Memorial Sloan Kettering Cancer Center

রোগী এবং শুশরূষাকারীর শিক্ষা

# স্তন অস্ত্রোপচারের আগে তেজস্ক্রিয় বীজের সাহায্যে ক্ষতস্থানের অবস্থান নির্ধারণ।

এই তথ্যে মেমোরিয়াল স্লোন কেটারিং (MSK)-এ আপনার স্তন অস্ত্রোপচারের আগে তেজস্ক্রিয় বীজের সাহায্যে ক্ষতস্থানের অবস্থান নির্ধারণ (রেডিওঅ্যাকটিভ সিড লোকালাইজেশন) পদ্ধতি সম্পর্কে ব্যাখ্যা করা হয়েছে।

## স্তনে সিড লোকালাইজেশন সম্পর্কে

ব্রেস্ট সিড লোকালাইজেশন হলো একটি পদ্ধতি, যেখানে অস্বাভাবিক স্তন টিস্যুর অবস্থান চিহ্নিত করার জন্য ছোট তিলের দানার মতো আকারের একটি ক্ষুদ্র ধাতব সিড সেখানে স্থাপন করা হয়। অস্বাভাবিক টিস্যুটি যদি এতটাই ছোট হয় যে হাত দিয়ে অনুভব করা বা শনাক্ত করা সম্ভব না হয়, তবে এই পদ্ধতিটি করা হতে পারে। সিডটিতে অল্প পরিমাণ তেজস্ক্রিয় পদার্থ থাকে।

আপনার অস্ত্রোপচারের সময়, সার্জন একটি বিশেষ যন্ত্র ব্যবহার করে ব্রেস্ট সিড এবং এর চারপাশের অস্বাভাবিক টিস্যুর অবস্থান নির্ণয় করবেন। এরপর তারা সিড এবং টিস্যুটি অপসারণ করবেন।

আপনার চিকিৎসক আপনাকে এই পদ্ধতিটি সম্পর্কে ব্যাখ্যা করবেন এবং আপনার প্রশ্নগুলোর উত্তর দেবেন।

## আপনার প্রক্রিয়াটি শুরুর আগে

### আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সঙ্গে কথা বলুন।

আপনি যে সমস্ত ওষুধ গ্রহণ করছেন, যার মধ্যে প্যাচ এবং ক্রিমও অন্তর্ভুক্ত, সেগুলো সম্পর্কে আপনার চিকিৎসককে জানান। আপনার ব্রেস্ট সিড লোকালাইজেশন পদ্ধতির আগে কিছু নির্দিষ্ট ওষুধ গ্রহণ বন্ধ করতে হতে পারে।

আপনি যদি বতর্মানে শিশুকে বুকের দুধ খাওয়ান, তাহলে আপনার চিকিৎসককে জানান। আপনি বুকের দুধ খাওয়ানো চালিয়ে যেতে পারেন এমন একটি ভিন্ন ধরনের বের্স্ট সিড লোকালাইজেশন পদ্ধতি করা সম্ভব হতে পারে।

## আপনার তব্ক থেকে ডিভাইস অপসারণ করুন

আপনি আপনার তব্কে কিছু ডিভাইস লাগাতে পারেন। আপনার পর্কির্য়া, অসে্তর্াপচার, বা স্কয্ানের আগে, কিছু ডিভাইস পর্স্তুতকারক পরামশর্ দেন যে আপনি আপনার নিম্নলিখিতগুলো সরিয়ে নিন:

- কন্টিনিউয়াস গ্লুকোজ মনিটর (CGM)
- ইনসুলিন পাম্প

আপনার ডিভাইস পরিবতর্ন করার তারিখের কাছাকাছি সময়ে আপনার অয্াপয়েন্টমেন্টের সময় নিধর্ারণ সম্পকের্ আপনার সব্াস্থয্ সেবাদানকারীর সাথে কথা বলুন। আপনার পর্কির্য়া, অসে্তর্াপচার বা স্কয্ানের পরে বয্বহার করার জনয্ অতিরিক্ত একটি ডিভাইস সঙ্গে নিয়ে আসা নিশ্চিত করুন।

আপনার ডিভাইস বন্ধ থাকার সময় আপনি কীভাবে আপনার গ্লুকোজ (রক্তে চিনি) নিয়ন্তর্ণ করবেন তা নিশ্চিত নাও হতে পারেন। এমনটি হলে, আপনার অয্াপয়েন্টমেন্টের আগে আপনার ডায়াবেটিসের যত্ন নেওয়া সব্াস্থয্ সেবাদানকারীর সাথে কথা বলুন।

# আপনার পর্কির্য়াটি শুরুর দিন

- আপনার স্তন, স্তনবৃন্ত বা বগলের নিচে কোনো কিছু লাগাবেন না। এর মধেয্ টয্ালকম পাউডার, ডিওডোরেন্ট, সুগন্ধি, কোলোন এবং কির্ম অন্তভুর্ক্ত।
- এমন একটি জামা পরুন যা সহজে খুলে ফেলা যায়।
- আপনার পদ্ধতিটি যিনি সম্পন্ন করবেন সেই চিকিৎসককে জানান, যদি আপনার কোনো ওষুধে অয্ালাজির্ থাকে।

# আপনার পর্কির্য়াটির সময়

আপনার বের্স্ট সিড লোকালাইজেশন পদ্ধতিটি ময্ামোগর্ামের সময় করা হবে, যেখানে আপনার স্তন চেপে ধরা অবস্থায় থাকবে; অথবা যদি আল্টর্াসাউন্ডে টিসুয্টি আরও সহজে দেখা যায়, তাহলে আল্টর্াসাউন্ডের মাধয্মে এই পদ্ধতিটি করা হবে।

প্রথমে, আপনার চিকিৎসক ম্যামোগ্রাম বা আল্ট্রাসাউন্ডের মাধ্যমে আপনার স্তনের একটি ছবি নেবেন। অস্বাভাবিক টিস্যুর অবস্থান শনাক্ত করার পর, আপনার চিকিৎসক সেই স্থানের কাছাকাছি একটি স্থানীয় অবশকারী ওষুধ (লোকাল অ্যানেস্থেটিক—যে ওষুধ কোনো নির্দিষ্ট অংশকে অবশ করে দেয়) ইনজেকশনের মাধ্যমে প্রয়োগ করবেন।

স্থানটি অবশ হয়ে যাওয়ার পর, আপনার চিকিৎসক সিডটি ভেতরে থাকা একটি সূচ (নিডল) আপনার স্তনের মধ্যে প্রবেশ করাবেন। সূচটি প্রবেশ করানোর পর, তারা আপনার স্তনের আরও কিছু ছবি নেবেন। প্রয়োজন হলে, সূচটির অবস্থান পরিবর্তন করা হবে এবং আরও কিছু ছবি নেওয়া হবে।

যখন সূচটি সঠিক স্থানে থাকবে, তখন সিডটি টিস্যুর মধ্যে স্থাপন করা হবে এবং আপনার চিকিৎসক সূচটি বের করে নেবেন। সিডটি আপনার অস্ত্রোপচার পর্যন্ত আপনার স্তনের মধ্যে থাকবে। সিডটির সঠিক অবস্থান দেখানোর জন্য আপনার আরও কিছু ছবি নেওয়া হবে। পরে, আপনার সার্জন এই ছবিগুলোকে একটি মানচিত্র হিসেবে ব্যবহার করে আপনার অস্ত্রোপচার পরিচালনা করবেন।

যদি আপনার ব্রেস্ট সিড লোকালাইজেশন আল্ট্রাসাউন্ডের মাধ্যমে করা হয়ে থাকে, তাহলে পদ্ধতিটি সম্পন্ন হওয়ার পরপরই আপনার একটি ম্যামোগ্রাম করা হবে। এটি আপনার সার্জনকে সিডটি কোথায় অবস্থিত তা দেখতে সাহায্য করবে।

যেখানে সূচটি প্রবেশ করানো হয়েছিল, সেই স্থানটি সার্জিক্যাল টেপ (যেমন Steri-Strip™) দিয়ে ঢেকে দেওয়া হবে এবং সার্জিক্যাল টেপের ওপর একটি ছোট ব্যান্ডেজ (যেমন Band-Aid®) লাগানো হবে।

গোসল করার আগে ব্যান্ডেজটি খুলে ফেলুন, তবে স্ট্রিপগুলো আপনার ত্বকে লাগানো অবস্থায় রেখে দিন। গোসল করার বিষয়ে আপনার সার্জনের নির্দেশনা অনুসরণ করুন। আপনার সার্জন আপনার জন্য স্ট্রিপগুলো খুলে দেবেন।

আপনার ব্রেস্ট সিড লোকালাইজেশন পদ্ধতিটি সম্পন্ন হতে প্রায় ৩০ মিনিট সময় লাগবে।

# আপনার প্রক্রিয়াটির পরে

- পরবর্তী এক মাস (৩০ দিন) অথবা অস্ত্রোপচারের সময় সিডটি অপসারণ না হওয়া পর্যন্ত, প্রতিদিন ৩০ মিনিটের বেশি সময় ধরে কোনো শিশু, বাচ্চা বা ছোট প্রাণীকে আপনার বুকের সঙ্গে ধরে রাখবেন না।
- আপনি যে জিনিসগুলো স্পর্শ করবেন এবং যে কাপড় পরবেন, সেগুলো তেজস্ক্রিয় হয়ে যাবে না। যারা আপনার সঙ্গে ঘনিষ্ঠ শারীরিক সংস্পর্শে থাকবেন, তারা খুব অল্প পরিমাণ

তেজস্ক্রিয়তার সংস্পর্শে আসতে পারেন। এই ধরনের সংস্পর্শ ক্ষতিকর—এমন কোনো প্রমাণ নেই।

আপনার কোনো প্রশ্ন বা উদ্বেগ থাকলে, অনুগ্রহ করে মেডিকেল ফিজিক্স বিভাগের রেডিয়েশন সেফটি সার্ভিসের সঙ্গে 212-639-7391 নম্বরে যোগাযোগ করুন।

আপনার কোনো প্রশ্ন বা উদ্বেগ থাকলে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করুন। আপনার পরিচর্যা দলের একজন সদস্য সোমবার থেকে শুক্রবার পর্যন্ত উত্তর দেবেন সকাল 9:00 টা থেকে বিকেল 5:00 টার পর এই সময়ের বাইরে, আপনি একটি বার্তা রেখে যেতে পারেন বা অন্য একজন MSK প্রদানকারীর সাথে কথা বলতে পারেন। কলে সর্বদা একজন ডাক্তার বা নার্সকে পাবেন। আপনি যদি আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সঙ্গে কীভাবে যোগাযোগ করবেন তা নিশ্চিত না হন, তাহলে ফোন করুন। ২১২-৬৩৯-২০০০.

আরো রিসোর্সের জন্য www.mskcc.org/pe-এ ভিজিট করে আমাদের ভার্চুয়াল লাইব্রেরি দেখুন।

---


Memorial Sloan Kettering Cancer Center কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত